গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
আইসিটি শাখা,
----

## সভার কার্যবিবরণী ২৪ জুন ২০২৬

| | |
|---|---|
| সভাপতি | ইমতিয়াজ হোসেন<br>জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ২১ জুন ২০২৬ |
| সভার সময় | ১২:১৫ টায় |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা এঁর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি এবং অন্যান্য বিষয় আলোচনার মাধ্যমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উদ্ভাবনী প্রস্তাব | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা নতুন উদ্ভাবনী প্রস্তাব উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতি সকলকে নতুন ইনোভেশন প্রস্তাব করার অনুরোধ করেন। | ১. সভাপতি সরকারি সেবা দান পদ্ধতি সহজ করার উপায় উদ্ভাবন করে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন। | ১.অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২. জেলা শিক্ষা অফিসার<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ২। | চলমান উদ্ভাবনী প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা | মাগুরা জেলায় ইনোভেশন ইন পাবলিক সার্ভিসের আওতায় যে সকল প্রকল্প চলমান সেগুলোর অগ্রগতি পর্যালোচনা করা হয়।সভাপতি চলমান উদ্ভাবনী প্রকল্পের অগ্রগতি জানতে চান। | ১. প্রকল্প বাস্তবায়নকারী সুনির্দিষ্ট ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩. জেলা শিক্ষা অফিসার<br>৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৩। | জেলা ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়ন | অধিকতর তৎপর হয়ে নতুন করে ইনোভেটিভ পরিকল্পনা গ্রহণ করার জন্য সভাপতি ইনোভেশন কমিটির সকল সদস্যকে আহ্বান জানান। জনগণের সেবাসমূহ তথ্য প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে সবাইকে কাজ করার জন্য অনুরোধ করেন। | ১.জেলা পর্যায়ে গৃহীত সকল ইনোভেশন কার্যক্রমগুলো মনিটিরিং করতে হবে।<br>২. উপজেলা পর্যায়ে গৃহীত সকল ইনোভেশন কার্যক্রমগুলো মনিটিরিং করতে হবে।<br>৩. জেলা ইনোভেশন কমিটি কর্তৃক বার্ষিক ইনোভেশন কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | ১.জেলা ইনোভেশন কমিটি, মাগুরা<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৪। | সেবা সহজীকরণ | জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা গ্রহণের জন্য আগত সকল শ্রেণির মানুষের সেবা প্রাপ্তির বিষয়টি সহজ ও ঝামেলামুক্ত করার আহ্বান জানান। এছাড়া নিজ আওতাধীন দপ্তরের সেবাপ্রদান প্রক্রিয়া ও কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন করার অনুরোধ করেন। | ১. উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ ডিজিটাইজেশন বাস্তবায়নের জন্য পৃথক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>২. নিজ আওতাধীন দপ্তরের সেবাপ্রদান প্রক্রিয়া ও কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনতে হবে। | ১. সহকারী কমিশনার (সকল)<br>২. দপ্তরের প্রতিষ্ঠান প্রধান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরকরণ | নিজ/আওতাধীন দপ্তরেরর সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের মাধ্যমে সেবা প্রদান, ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, ডকুমেন্টসমূহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান, দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহারে উদ্ধুদ্ধকরণ, নাগরিক সেবা সহজীকরণের জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১. সকল সেবাকে ই-সেবায় রূপান্তর এবং 'মাইগভ' এর মাধ্যমে সেবা প্রদান, ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, ডকুমেন্টসমূহ ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান, দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহার করতে হবে।<br>২. দ্রুততম সময়ের মধ্যে নাগরিক সেবা প্রদান করতে হবে। | ১. সহকারী কমিশনার (সকল)<br>২. দপ্তরের প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৬. | উপজেলা ইনোভেশন টিমের নিয়মিত সভা আয়োজন | সভাপতি উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সভা এবং কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তথ্য প্রযুক্তির উপর জোর দিয়ে ইনোভেশন করার জন্য উপজেলা ইনোভেশন টিমকে অনুরোধ করেন। | ১. ইনোভেশনগুলো যেন তথ্যপ্রযুক্তি নির্ভর এবং জনগণের সেবার মানকে উন্নত করে সে বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ১. উপজেলা ইনোভেশন কমিটি (সকল) |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-০৭-২০২৬
ইমতিয়াজ হোসেন
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

**নম্বর:** ০৫.১৫.৫৫০০.০০০.০১৮.০৫.০০০৬.২৫.৫৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
৩। পুলিশ সুপার, মাগুরা।
৪। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মাগুরা।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।
৬। অধ্যক্ষ, সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাগুরা সদর, ম াগুরা।
৮। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহম্মদপুর, মা গুরা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শালিখা, মাগুরা ।
১০। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীপুর, মাগুরা ।
১১। সহকারী কমিশনার ভূমি, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর।
১২। তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, মাগুরা।
১৩। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, মাগুরা।
১৪। অধ্যক্ষ, মাগুরা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মাগুরা।
১৫। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, মাগুরা।
১৬। উপপরিচালক (চলতি দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর,মাগুরা।
১৭। উপ পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাগুরা।
১৮। জেলা মৎস্য অফিসার, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মাগুরা।
১৯। উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, মাগুরা।
২০। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান অফিস, মাগুরা।

২১। ...................................................., ...................................................., মাগুরা।
২২। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।

০৫-০৭-২০২৬
ইমতিয়াজ হোসেন
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)